

আমরা আপনার সাথে যোগাযোগ করে জানাতে চাই যে **আগামী দুই মাসের** মধ্যে, ন্যাশনাল ডায়াবেটিস সার্ভিসেস স্কিমের (NDSS) ডায়াবেটিস পণ্যগুলিতে আপনার আর প্রবেশাধিকার থাকবে না*।

আপনি এখনও আমাদের ওয়েবসাইট ndss.com.au/after-gestational এ তথ্য সংগ্রহ করতে পারেন ভবিষ্যতে আপনার স্বাস্থ্যের যত্ন নিতে সাহায্য করার জন্য।

আমরা জানি আপনি সম্ভবত খুব ব্যস্ত ছিলেন, কিন্তু এখনই আপনার স্বাস্থ্যের দিকে নজর দেবার একটি ভাল সময়। এটি ধ্রুব সত্য কারণ যেসব মহিলা গর্ভকালীন ডায়াবেটিসে আক্রান্ত হয়েছেন তাদের টাইপ 2 ডায়াবেটিসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি থাকে।

একটি পুস্তিকা যার নাম **গর্ভকালীন ডায়াবেটিসের পরে জীবন** বইটি বাংলা ভাষায় আমাদের ওয়েবসাইট এ পাওয়া যাবে। এটি আপনার ডায়াবেটিসের ঝুঁকি হ্রাস করার মাধ্যমে আপনাকে এবং আপনার পরিবারকে সুস্থ রাখতে আপনি যে পদক্ষেপগুলি নিতে পারেন সে সম্পর্কে তথ্য প্রদান করে।

দ্যা ন্যাশনাল জেস্টেশনাল ডায়াবেটিস রেজিস্টার তাদের সহযোগিতা অব্যাহত রাখবে। রেজিস্টারটি আপনাকে এবং আপনার জেনারেল প্র্যাকটিশনারকে (জিপি) প্রতি বছর ডায়াবেটিস পরীক্ষা করার জন্য রিমাইন্ডার পাঠাবে, যা আপনার রক্তে গ্লুকোজের মাত্রা স্বাভাবিক মাত্রায় রয়েছে কিনা তা দেখাবে।

আপনার নিজের বিবরণ, জিপির বিবরণ আপডেট করতে, বা আপনি যদি আর রেজিস্টারের সাথে যোগাযোগ না রাখতে চান, তবে অনুগ্রহ করে ndss.com.au/gdm-update দেখুন। আপনি যদি এই পরিষেবাটি প্রত্যাহার করার সিদ্ধান্ত নেন তবে আপনি এবং আপনার জিপি রেজিস্টার থেকে ডায়াবেটিস পরীক্ষা বা গুরুত্বপূর্ণ স্বাস্থ্য তথ্য সম্পর্কে আর কোন রিমাইন্ডার পাবেন না।

আপনার যদি কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে info@ndss.com.au এ ইমেলের মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন বা **1800 637 700** নম্বরটিতে NDSS হেল্পলাইনে কল করুন।

আপনার বিশ্বস্ত,

Jan Ridd

নির্বাহী জেনারেল ম্যানেজার, ন্যাশনাল ডায়াবেটিস সার্ভিসেস স্কিম
ডায়াবেটিস অস্ট্রেলিয়া

* আপনার যদি ডায়াবেটিস ধরা পড়ে এবং NDSS পণ্য এবং পরিষেবাগুলিতে প্রবেশ করার প্রয়োজন হয় তাহলে আপনার স্বাস্থ্য কর্মকর্তাকে এই সাইটে ndss.com.au/forms একটি নতুন NDSS নিবন্ধন ফর্ম পূরণ করতে হবে।